# অনলাইন অর্ধ-বার্ষিক পরীক্ষা ২০২০

| বিষয় কোড | | |
|---|---|---|
| ১ | ১ | ৪ |

## শ্রেণি : ৯ম

## বিষয় : খ্রিস্টধর্ম ও নৈতিক শিক্ষা (সৃজনশীল)

সময় : ২ ঘন্টা ৩০ মিনিট

পূর্ণমান : ৭০

(যে কোন ৭টি প্রশ্নের উত্তর দাও)

১। নির্মল ও বার্নাডেটের একটি খ্রিস্টীয় পরিবার। তারা প্রত্যহ গির্জায় যায় এবং সান্ধ্য প্রার্থনা করে। গ্রামে সবার সঙ্গে তাদের ভালো সম্পর্ক। তারা গরীব লোকদের বিপদের পাশে দাঁড়ায় কিন্তু বিধান ও প্রমিলার পরিবারে সর্বদাই ঝগড়া, অবিশ্বাস মনোমালিন্য। তাদের ঝগড়া বিবাদের কারণে বিধান প্রমিলাকে খুব মারধর করে।

ক) মূল্যবোধের সাথে কীসের সম্পর্ক রয়েছে? ১

খ) মানুষের জীবনে মূল্যবোধের জ্ঞানের প্রয়োজন কেন? ২

গ) কোন শিক্ষায় উদ্বুদ্ধ হয়ে নির্মল ও বার্নাডেট সুখী সংসার গঠন করেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ) বিধান ও তার স্ত্রীর মধ্যে সুন্দর বিবেকের কী সমন্বয় ঘটেছে বলে তুমি মনে কর? ব্যাখ্যা কর। ৪

২। শিমোন খুব গরীব। পাশের বাড়ির মতিন বাবুর কাছে জমি চাষ করার জন্য সে টাকা ধার নেয়। এক সময় মতিন টিপ সই নিয়ে শিমোনের জমি নিয়ে যায়। একদিন মতিন তাকে ভিটা বাড়ি ছাড়তে বললে শিমোন প্রতিবাদ করে। তখন মতিন কাগজের টিপসই দেখায়। তখন শিমোনের মনে পড়ে যায় টাকা ধার নেওয়ার কথা।

ক) পাপ কী? ১

খ) নিরাময়কারী যীশু এ জগতে এসেছিলেন কেন? ২

গ) মতিন বাবুর কাজের মধ্যে কী প্রকাশ পায়? ৩

ঘ) মতিন বাবুর কাজের পরিণতি কী হতে পারে? বিশ্লেষণ কর। ৪

৩। রাফায়েল ও কল্পনা সুখী দম্পত্তি। রাফায়েল চাকরীর জন্য শহরে চলে যায়। একদিন সে জানতে পারল তার স্ত্রী পাশের বাড়ি দুলালের সাথে অবৈধ সম্পর্ক গড়ে তুলেছে। রাফায়েল বাড়ি ফিরে পাল পুরোহিতকে জানাল। পাল পুরোহিত কল্পনাকে ডেকে বিবাহের তাৎপর্য বুঝিয়ে বলেন। পরিবারে স্বামী, স্ত্রীর সম্পর্ক হল পবিত্র সম্পর্ক।

ক) সমাজ জীবনে পরিবারের চিন্তা কোথা থেকে এসেছে? ১

খ) ব্যক্তিত্ব বলতে কি বুঝায়? ব্যাখ্যা কর। ২

গ) দুলাল ও কল্পনার অবৈধ সম্পর্ক গড়ার পিছনে বাইবেলের কোন শিক্ষার অভাব পরিলক্ষিত হয়? বুঝিয়ে লিখ। ৩

ঘ) রাফায়েল ও কল্পনার সম্পর্কে দুলাল কোন দৃষ্টি ভঙ্গি দেখেছে? বর্ণনা কর। ৪

৪। ডেভিট দুষ্টমির ছলে মিথ্যা কথা বলে একে অপরের সম্পর্ক নষ্ট করে। এমনকি কী ফাদারের নামে মিথ্যা কথা বলে। সহপাঠিরা ডেভিটের সব কথা ফাদারকে জানায়। তখন ফাদার ডেভিটের মাথায় হাত রাখে অনেক বোঝায় ঈশ্বরের বাণী শোনায়। ফাদার ডেভিটকে ক্ষমা করে নতুন জীবনের সন্ধান দেন।

ক) বাংলার সংস্কার কথাটির অর্থ কী? ১

খ) খ্রিস্টযাগ বলতে কী বুঝায়? ২

গ) কার অনুপ্রেরণায় ফাদার ডেভিটকে ক্ষমা করলেন? ব্যাখ্যা কর। ৩

ঘ) ফাদারের অনুপ্রেরণায় ডেভিট নতুন জীবন পেয়েছে - তোমার মতামত দাও। ৪

৫। লিজা তার মেয়েকে বলেন, শোন ঈশ্বরকে তুমি হৃদয় দিয়ে ভালোবাসবে। প্রতিবেশিকেও নিজের মত ভালবাসবে। তবেই ঈশ্বর তোমাকে ভালোবাসবে এবং আর্শিবাদ করবে। এতে মেয়ে খুশী হয়ে মার আদেশ পালন করে।

ক) তোমার প্রতিবেশী কে? ১

খ) প্রতিবেশীকে নিজের মত ভালোবাসবে বলতে কী বুঝ? ২

গ) যীশুর শ্রেষ্ঠ আজ্ঞাটির শিক্ষা তোমার জীবনে কীভাবে ঘটবে? ৩

ঘ) ঈশ্বর প্রেম ও মানব প্রেম পরস্পর পরিপূরক - ব্যাখ্যা কর। ৪

৬। রুবেল বরাবরই শ্রেণিতে ফলাফল ভালো করত। মা-বাবা তাকে নিয়ে গর্বিত। কিন্তু দশম শ্রেণিতে অধ্যয়নাবস্থায় দেখা গেল সে পরীক্ষার ফল খারাপ করতে লাগল। সে অনেক রাতে নেশা করে বাড়ি ফিরে। তার পিতা-মাতা অনেক চেষ্টা করেও তাকে ভালো পথে আনতে ব্যর্থ হলো। পরিশেষে পায়েল জটিল রোগে আক্রান্ত হয়। নেশাই রুবেলের জীবন ধ্বংস করে।


ক) বর্তমান বিশ্বে এইডস্ কী নামে পরিচিত? ১

খ) এইডস্ আক্রান্ত ব্যক্তি সমাজে ঘৃণার পাত্র হয়ে উঠে কেন? ২

গ) কোন শিক্ষাকে আয়ত্ব করে রুবেল জীবন পরিচালিত করতে পারত - ব্যাখ্যা কর। ৩

ঘ) রুবেল তার পথ থেকে ফেরার জন্য কী কী পদক্ষেপ নিতে পারে? আলোচনা কর। ৪

৭। নিচের অনুচ্ছেদটি পড় এবং প্রশ্নগুলোর উত্তর দাও :




ক) শান্তি কী? ১

খ) ন্যায্যতা বলতে কী বোঝায়? ২

গ) উদ্দিপকের তথ্য থেকে বেরিয়ে আসার একমাত্র অবলম্বন ভালোবাসা? আলোচনা কর। ৩

ঘ) উদ্দিপকে '?' চিহ্নিত অংশে কী হবে? ব্যাখ্যা কর। ৪

৮। জর্জ শারীরিক, মানসিক, আধ্যাত্মিক দিক দিয়ে খুবই সুন্দর। দায়িত্ব পালনে সে নিষ্ঠাবান। তার অসুস্থতার কারণে পরীক্ষা করে দেখা গেল ক্যান্সার হয়েছে। তিনি জানেন এ রোগ মৃত্যু পর্যন্ত থাকবে। তবুও তিনি হতাশ না হয়ে ঈশ্বরের উপর নির্ভরশীল হয়ে চলেন। তিনি জানেন, কষ্টের মধ্য দিয়ে ঈশ্বর ভালোবাসা প্রকাশ করেন।

ক) মানুষের হয়ে কে সবচেয়ে বেশি কষ্ট স্বীকার করেছে? ১

খ) দুঃখ কষ্ট সবার জন্য অনিবার্য কেন? বর্ণনা কর। ২

গ) দুঃখ যন্ত্রণার ক্ষেত্রে জর্জের মনোভাব কেমন? ব্যাখ্যা কর। ৩

ঘ) জর্জের মনোভাব যেন পিতরের শিক্ষারই প্রতিফলন - আলোচনা কর। ৪

৯। মৌসুমী সহপাঠীকে না বলে ব্যাগ থেকে সুন্দর একটি কলম নিয়ে যায়। বিষয়টি শ্রেণির শিক্ষককে জানানো হয়। শিক্ষক আসল দোষীকে ধরতে না পেরে সকল ছাত্রীদের শাস্তি দেন। মৌসুমী নীরব। সে মনে মনে দু:খ পেল কিন্তু সত্য স্বীকার করতে পারেনি। তাই সে অন্তরে গভীর অনুশোচনা অনুভব করে এবং তার দোষ মুছে ফেলার জন্য ঈশ্বরের কাছে আকুল আবেদন জানায়।

ক) মাদার তেরেজা প্রথম জীবনে কোন ধর্ম সংঘের সিস্টার ছিলেন? ১

খ) মানুষ কেন প্রার্থনা করে? ২

গ) মৌসুমীর প্রার্থনা তোমার পাঠ্য পুস্তকের কোন প্রার্থনাটি প্রকাশ করে? ব্যাখ্যা কর। ৩

ঘ) মৌসুমীর জীবনে প্রার্থনার প্রভাব আলোচনা কর। ৪

১০। শমূয়েল ত্রিপুরা দুর্গম বান্দরবানের বাসিন্দা। শমূয়েল লেখাপড়া করে অনেক বড় হতে চায়। তাইতো সে প্রতিদিন প্রায় ১৫ কিলোমিটার পায়ে হেঁটে বান্দরবানে শহরের স্কুলে যায়। অনেক সময় শরীর না চাইলেও মনের শক্তিতে প্রতিদিন পরিশ্রম করে। তার একান্ত ইচ্ছায় লেখাপড়া করে পাহাড়ি দুর্গম এলাকার ডাক্তার হয়ে মানুষের চিকিৎসাসেবা করে। শমূয়েল বলে, "মানবসেবাই ঈশ্বরসেবা। আর এ সেবা করেই আমি পরম আনন্দ পাই।"

ক) স্বাধীনতা মানুষের কী ধরণের অধিকার? ১

খ) সুখী জীবন লাভের জন্য ভবিষ্যতের স্বপ্ন দেখা প্রয়োজন কেন? ব্যাখ্যা কর। ২

গ) শমূয়েল কোন ধরণের আহ্বানে সাড়া দিয়েছে- তা বর্ণনা কর। ৩

ঘ) 'নিজের ও অন্যের কল্যাণ' স্বাধীনতার এ মূল শিক্ষা যে শমূয়েলের মধ্যে প্রতিফলিত হয়েছে।- বিশ্লেষণ কর। ৪

১১। আনন্দপুর গ্রামের অরিন্দমকে ভালো ছেলে বলে সবাই চেনে। বড়দের সম্মান, ছোটদের ভালোবাসা, সমবয়সীদের সাথে সদ্ভাব বজায় রেখে চলে। মানুষের উপকার করতে সে খুব ভালোবাসে। কেউ অসুস্থ হলে সে সেবার জন্য এগিয়ে যায়। মানুষকে সেবা ও ভালোবাসার জন্যই সে সবার প্রিয়পাত্র।

ক) ব্যক্তিস্বাতন্ত্র্য কী? ১

খ) সম্পর্ক রক্ষার চারটি উপায় লেখ। ২

গ) অরিন্দমের মধ্যে সেবাকাজের কোন ক্ষেত্রটি লক্ষ্য করা যায়?- তা বর্ণনা কর। ৩

ঘ) "সেবাকাজে অরিন্দম যেন যীশুরই প্রতিলিপি।"- উক্তিটির যথার্থতা মূল্যায়ণ কর। ৪